

২. পশুপালন পরিসেবা সংক্রান্ত তথ্য



গ্রাম বাংলার প্রায় প্রতি ঘরেই বিভিন্ন ধরনের গবাদিপশু পালন করা হয়। এসব গবাদি পশুর স্বাস্থ্য সেবা একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়, কারণ প্রতি বছর বিভিন্ন প্রকার রোগে অনেক গবাদি পশু মারা যায়। আমাদের দেশের কৃষকদের অনেকেই গবাদিপশুর স্বাস্থ্যসেবার ব্যাপারে খুব বেশী সচেতন না। তাছাড়া বিভিন্ন রোগ বালাইয়ের হাত থেকে গবাদিপশুকে রক্ষা করতে হ'লে সময় মত ওষুধ ও টিকা দেয়ারও প্রয়োজন হয়। কৃষকদের গবাদিপশুর স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধানে সরকারীভাবে বিভিন্ন ধরনের সেবার ব্যবস্থা আছে। কিন্তু তা সত্ত্বেও প্রতি বছর বিভিন্ন রোগে অনেক গবাদি পশু মারা যায়, যার প্রধান কারণ হচ্ছে সরকারী সেবা ঠিক মত না পাওয়া। এসব নানা কারণে কৃষকদের মনে বিভিন্ন ধরনের প্রশ্ন জাগা স্বাভাবিক। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

- পশুপালনে সরকারি সাহায্যের কোন ব্যবস্থা আছে কি ?
- গরু-ছাগলের চিকিৎসার জন্য কি কোন প্রকার ফি এবং ঔষুধের দাম দিতে হয়?
- সরকারী কোন কর্মকর্তা কি গ্রামে পশু চিকিৎসা সেবা দিতে আসেন?
- গরু-ছাগলের টিকা কোথায় পাব?
- গবাদিপশুর ওষুধ বিনামূল্যে পাওয়া যায় কি?

এ ধরনের প্রশ্ন সংক্রান্ত তথ্যের জন্য আইনের ধারা ও বিধি অনুযায়ী সরকারী ভেটেরনারী সার্জনের কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে আবেদন করতে হবে। নিচে তথ্য অধিকার আইনের ভিত্তিতে পশুপালন খাতের বিভিন্ন বিষয়ে কিছু প্রশ্ন আবেদন আকারে করা হয়েছে:

১. পশু চিকিৎসার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে? আমাদের এলাকার চাষীদের গরু-ছাগলের চিকিৎসাসেবা নিশ্চিত করার জন্য সরকারী পশুপালন কর্মকর্তার কী কী দায়িত্ব ও কর্তব্য নির্ধারিত আছে তা জানতে চাই।
২. সরকারের নিযুক্ত পশুপালন সহকারী আমাদের উপজেলার কোন্ গ্রামে সপ্তাহে কয়দিন যান তার সময়সূচী জানতে চাই। এ সময়সূচীর তথ্য চাষীদের কিভাবে জানানো হয়ে থাকে তা জানতে চাই?
৩. গরু-ছাগলের চিকিৎসার জন্য সরকারী পশুপালন কর্মকর্তারা কোন প্রকার ফি এবং ঔষুধের দাম নিতে পারেন কিনা তা লিখিতভাবে জানতে চাই। গত ২০১০-২০১১ অর্থবছরে আমাদের উপজেলায় মোট কতটি গরু-ছাগলকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে এবং এতে সরকারীভাবে কত টাকা আয় বা ব্যয় হয়েছে সে সম্পর্কে তথ্য পেতে চাই।
৪. গত ২০১০-২০১১ অর্থবছরে আমাদের উপজেলায় পশু চিকিৎসা বাবদ বিনামূল্যে বিতরণের জন্য কি কি ঔষধ এসেছে তার তালিকা দেখতে চাই।

৫. অ্যানথ্রাক্স বা তড়কা রোগের জন্য বরাদ্দকৃত টিকা কোন নীতিমালার ভিত্তিতে বিতরণ করা হয়েছে জানতে চাই। কারা কারা এই টিকা পেয়েছে তাদের নামের তালিকা পেতে চাই।

পশুপালন বিষয়ক এসব তথ্য জানার জন্য উপজেলা ভেটেরিনারী সার্জনের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে নাম ও ঠিকানা সহ জমা দিতে হয়। যদি অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কে তা জানা না থাকে সেক্ষেত্রে কৃষি পরিসেবা অংশে বর্ণিত নিয়মানুযায়ী আবেদনপত্র জমা দিতে হবে। আবেদন প্রক্রিয়া সঠিকভাবে লেখার জন্যে এই লেখার শেষে সংযুক্তি -১ দ্রষ্টব্য। সেখানে আবেদনপত্র, আপীল ও অভিযোগ পত্রের নমুনা দেয়া হল।